তারিখ ... 1 APR 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

সংবাদ

### কিশোরীগঞ্জ ডিগ্রী কলেজ

# প্রবেশপত্রের নামে অর্থ বাণিজ্যের অভিযোগ

**প্রতিনিধি, কিশোরগঞ্জ (নীলফামারী)**

নীলফামারীর কিশোরীগঞ্জ ডিগ্রী কলেজে এইচ এস সি পরীক্ষার্থীদের কাছ থেকে প্রবেশ পত্র দেয়ার নামে টাকা আদায়ের অভিযোগ পাওয়া গেছে।

কলেজ সূত্র জানায়, এবারে কিশোরীগঞ্জ ডিগ্রী কলেজ থেকে বিভিন্ন শাখার ২৩৭জন এইচ এস সি পরীক্ষার্থী আসন্ন পরীক্ষায় অংশ নিবে। আগামী রোববার বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

অভিভাবক ও পরীক্ষার্থীদের অভিযোগ, কলেজ কর্তৃপক্ষ শিক্ষা বোর্ডের নির্দেশনা ছাড়াই প্রবেশ পত্র দেয়ার নামে ৪০০-৫০০ টাকা করে আদায় করছে। টাকা না দিলে প্রবেশ পত্র দিচ্ছে না।

ব্যবসায় ব্যবস্থপনা শাখার এক পরীক্ষার্থী অভিযোগ করে বলেন, প্রবেশ পত্র নিতে কোন টাকা লাগে না। শিক্ষা বোর্ডেরও এরকম কোন নির্দেশনা নেই। কেন্দ্র খরচের টাকা ফরম পুরণের সময় দেয়া হয়েছে। ওই সময় কলেজ কর্তৃপক্ষ বলেছিল প্রবেশ পত্র নিতে কোন টাকা লাগবে না। কিন্তু এখন প্রবেশ পত্র নিতে গিয়ে ৪০০-৫০০ টাকা করে আদায় করছে। টাকা কম দিলে অফিস সহকারী প্রবেশ পত্র দিচ্ছে না।

মানবিক শাখার এক পরীক্ষার্থী বলেন, আমি একজন গরিব ছাত্র। বাবার কাছ থেকে ২০০ টাকা নিয়ে কলেজে প্রবেশ পত্র নিতে গিয়েছিলাম। কিন্তু অফিস সহকারী আবুল কালাম আমাকে প্রবেশ পত্র দেয়নি। এরপর আমি প্রিন্সিপাল স্যারকে বলেছি তিনিও ৪০০ টাকা না হলে প্রবেশ পত্র দেয়া যাবেনা বলে জানান। প্রবেশ পত্র না নিয়ে ঘুরে এসেছি। ভুক্তভোগী একাধিক পরীক্ষার্থী অভিযোগ করে বলেন, টাকা না দেয়ায় আমরা এখনো প্রবেশ পত্র সংগ্রহ করতে পারেনি। তাদের দাবী বোর্ড থেকে যেহেতু কোন টাকা নেয়ার নিয়ম নেই সেহেতু আমরা টাকা দিয়ে প্রবেশ পত্র নিবো না।

কিশোরীগঞ্জ ডিগ্রী কলেজের অধ্যক্ষ আব্দুর রউফ বলেন, শিক্ষা বোর্ড থেকে প্রশ্নপত্র ও মালামাল নিয়ে আসার খরচ বাবদ কিছু করে টাকা নেয়া হচ্ছে।

এ ব্যাপারে কলেজের গভর্নিংবডির সভাপতি নীলফামারী-৪ আসনের সংসদ সদস্য শওকত চৌধুরীর সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করলে তিনি ফোন রিসিভ করেননি।